This question paper contains 3 printed pages]

Roll No. | | | | | | | | | | | |

S. No. of Question Paper : **1063**

Unique Paper Code : **2082103602**

Name of the Paper : **Bangla Chanda O Alankar**

Name of the Course : **B.A. (Hons.) Bengali : DSE**

Semester : **VI**

Duration : **3 Hours** Maximum Marks : **90**

*(Write your Roll No. on the top immediately on receipt of this question paper.)*

## Unit-I

1. সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখ। (পনেরোটি) : 1×15=15

(i) দলবৃত্ত ছন্দ রীতিতে রুদ্ধদল যত মাত্রার হয়– ক) ১ মাত্রা খ) ২ মাত্রা গ) ৩ মাত্রা

(ii) কলাবৃত্ত রীতিতে রুদ্ধদল যত মাত্রার হয়– ক) ২ মাত্রা খ) ১ মাত্রা গ) ৪ মাত্রা

(iii) শোষণশক্তি যে ছন্দের বিশেষ লক্ষণ– ক) মিশ্রবৃত্ত খ) মাত্রাবৃত্ত গ) দলবৃত্ত

(iv) কলাবৃত্ত যে লয়ের ছন্দ– ক) বিলম্বিত গ) ধীর গ) মধ্যম

(v) দলবৃত্ত ছন্দের উৎস– ক) অর্বাচীন সংস্কৃত খ) প্রাকৃত অপভ্রংশ গ) লোক উৎসজাত

(vi) মুক্তক ছন্দের পূর্ণ প্রয়োগ প্রথম যার কাব্যে মেলে– ক) রবীন্দ্রনাথ ঠাকুর খ) মধুসূদন দত্ত গ) বলদেব পালিত

(vii) রবীন্দ্রনাথ ঠাকুর পয়ার বলতে যে ছন্দরীতিকে বুঝিয়েছেন– ক) মিশ্রবৃত্ত খ) স্বরবৃত্ত গ) মুক্তক

(viii) ছন্দের বন্ধনমুক্তি বলতে বোঝায়– ক) মিল বর্জন খ) ছেদ ও যতির সমাপতন গ) সবকটি

(ix) প্রাচীন পয়ারের সঙ্গে সাদৃশ্য মেলে প্রাচীন যে সংস্কৃত ছন্দের– ক) পাদাকূলক খ) তোটক গ) তূনক

(x) মিশ্রবৃত্ত ছন্দের উৎস হল– ক) লোকজীবন খ) সাহিত্যিক গ) লোক উৎসজাত

(xi) 'চুল তার কবেকার অন্ধকার বিদিশার নিশা।'– উদ্ধৃতাংশের অলংকার হল– ক) ব্যতিরেক খ) রূপক গ) বৃত্ত্যনুপ্রাস

(xii) 'পাখির নীড়ের মতো চোখ তুলে
নাটোরের বনলতা সেন।'– উদ্ধৃতাংশের অলংকার হল– ক) লুপ্তোপমা খ) পূর্ণোপমা গ) মালোপমা

P.T.O.

(*xiii*) 'জানালার কাছে চিৎকার করে মরবে বাতাস
জানালার কাছে মুরছি পড়িবে ভোরের আকাশ।'– উদ্ধৃতাংশের অলংকার হল– ক) সমাসোক্তি খ) রূপক গ) উৎপ্রেক্ষা

(*xiv*) 'যদি বড় হতে চাও
ছোট হও তবে।'– উদ্ধৃতাংশের অলংকার হল– ক) পূর্ণোপমা খ) যমক গ) বিরোধাভাস

(*xv*) 'কি সুন্দর মালা আজি পড়িয়াছো গলে, প্রচেতঃ।'– উদ্ধৃতাংশের অলংকার হল– ক) ব্যাজস্তুতি খ) অনুপ্রাস খ) শ্লেষ

(*xvi*) যিনি মিশ্রবৃত্তকে তানপ্রধান নামে অভিহিত করেন– ক) তারাপদ ভট্টাচার্য খ) অমূল্যধন মুখোপাধ্যায় গ) সুকুমার সেন

(*xvii*) 'রাবণ শ্বশুর মম মেঘনাদ স্বামী
আমি কি ডরাই, সখি, ভিখারি রাঘবে?'– উদ্ধৃতাংশের অলংকার হল– ক) শ্লেষ বক্রোক্তি খ) কাকু বক্রোক্তি গ) উপমা

(*xviii*) 'বাজে পূরবীর ছন্দে রবির শেষ রাগ রাগিনীর বীন।'– উদ্ধৃতাংশের অলংকার হল– ক) অনুপ্রাস খ) শ্লেষ গ) বক্রোক্তি

(*xix*) 'শিশিরের চুমো খেয়ে গুচ্ছে গুচ্ছে ফুটে উঠে কাশ।'– উদ্ধৃতাংশের অলংকার হল– ক) অতিশয়োক্তি খ) যমক গ) সমাসোক্তি

(*xx*) 'ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময় হলেও
পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটি।'– উদ্ধৃতাংশের অলংকার হল– ক) বাচ্যোৎপ্রেক্ষা খ) উপমা গ) ব্যতিরেক

## Unit-II

2. সংক্ষিপ্ত টীকা লেখ। (যে কোনো ছয়টি) : 5×6=30

মৌলিক স্বরান্ত অক্ষর ও হলন্ত অক্ষর, কাকু বক্রোক্তি, ছেদ ও যতি, মাত্রা, পর্ব, পংক্তি, লুপ্তোপমা, শ্বাসাঘাত প্রধান ছন্দ, দল

**অথবা**

ছন্দলিপি নির্ণয় কর। 3×10=30

ক) রূপশালি ধান বুঝি এই দেশে সৃষ্টি
ধূপছায়া যার শাড়ি তার হাসি মিষ্টি।

খ) কল্পনার হাঁস সব পৃথিবীর সব ধ্বনি সব রং মুছে গেলে পর
উড়ুক উড়ুক তারা হৃদয়ের শব্দহীন জ্যোৎস্নার ভিতর।

গ) কেমন করে নিঝুমবেলা ঝিমোয় আমার একলাটি
তুই নেই তাই সব মাটি।
কলার পাতা শিশির জলে বুক চুবিয়ে রয় শুয়ে .
ঠায় চেয়ে।
তোর দিকে মোর সমস্ত মন আকুল হয়ে রয় চেয়ে।

## Unit-III

3. যে কোনো তিনটি প্রশ্ন উত্তর দাও। 3×15=45

(*i*) মিশ্রকলাবৃত্ত ছন্দ কাকে বলে? উদাহরণসহ এই ছন্দের বৈশিষ্ট্যগুলির পরিচয় দাও।

(*ii*) শ্বাসসাঘাত প্রধান ছন্দ সম্পর্কে বিস্তারিত আলোচনা কর।

(*iii*) বক্রোক্তি অলংকার কাকে বলে? উদাহরণসহ শ্রেণীবিভাগ উল্লেখ করে এই অলংকার আলোচনা কর।

(*iv*) রূপক অলংকার কাকে বলে? রূপক অলংকার কয় প্রকার ও কি কি? উদাহরণসহ শ্রেণীবিভাগগুলি আলোচনা কর।